

B.A. 5th Semester (Honours) Examination, 2019

বিষয় : বাংলা

পত্র : DSE-1

(উনিশ শতকের বাংলা কাব্য ও প্রবন্ধ)

সময়: ৩ ঘণ্টা

পূর্ণমান: ৬০

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।
পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।

১। নিম্নলিখিত যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও :

২×১০=২০

- (ক) রঙ্গলাল বন্দ্যোপাধ্যায়ের শ্রেষ্ঠ আখ্যানকাব্য কোনটি? কাব্যটির প্রকাশকাল কত?
- (খ) হেমচন্দ্র বন্দ্যোপাধ্যায়ের লেখা দুটি আখ্যানকাব্যের নাম উল্লেখ করো।
- (গ) নবীনচন্দ্র সেন-এর লেখা একটি আখ্যান কাব্যের নাম ও সেটির প্রকাশ সাল উল্লেখ করো।
- (ঘ) মধুসূদন দত্তের প্রথম বাংলা কাব্যগ্রন্থ কোনটি? কাব্যটির মূল উৎস কী?
- (ঙ) বাংলা সাহিত্যে 'ত্রয়ীকাব্য' কী? এটি কত বছর ধরে রচিত হয়েছিল?
- (চ) আখ্যানকাব্য বলতে কী বোঝো? উনিশ শতকে বাংলা সাহিত্যের প্রথম আখ্যানকাব্য কোনটি?
- (ছ) 'মেঘনাদবধ কাব্য'-এর প্যারডি কাব্যের নাম কী? এটি কার লেখা?
- (জ) গীতিকবিতার দুটি লক্ষণ উল্লেখ করো।
- (ঝ) বিহারীলালের শ্রেষ্ঠ গীতিকাব্য কোনটি? এর পরিপূরক গ্রন্থ কোনটি?
- (ঞ) রামমোহন রায় রচিত দুটি সমাজ সংস্কারমূলক প্রবন্ধগ্রন্থের নাম লেখো।
- (ট) 'রামতনু লাহিড়ী ও তৎকালীন বঙ্গসমাজ' গ্রন্থের রচয়িতা কে? তাঁর আর একটি প্রবন্ধগ্রন্থের নাম লেখো।
- (ঠ) হরপ্রসাদ শাস্ত্রী রচিত দুটি প্রবন্ধের নাম লেখো।
- (ড) 'সাম্য' প্রবন্ধটি কার লেখা? তাঁর লেখা আর একটি প্রবন্ধগ্রন্থের নাম লেখো।
- (ঢ) ভূদেব মুখোপাধ্যায় রচিত শিক্ষাভাবনা বিষয়ক দুটি প্রবন্ধগ্রন্থের নাম প্রকাশকাল সহ লেখো।
- (ণ) 'চারুপাঠ' কার লেখা? এই প্রাবন্ধিকের অন্য একটি প্রবন্ধগ্রন্থের নাম লেখো।

২। নিম্নলিখিত যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও :

৫×৪=২০

- (ক) 'বৃহৎসংহার কাব্য' কার রচনা? কাব্যানুসরণে কবির কৃতিত্বের পরিচয় দাও। ১+৪=৫
- (খ) নবীনচন্দ্র সেন রচিত ঐতিহাসিক আখ্যানকাব্য কোনটি? এই কাব্যে কোন পাশ্চাত্য কবির প্রভাব লক্ষ করা যায়? কাব্যটির আখ্যানবস্তু সংক্ষেপে লেখো। ১+১+৩=৫
- (গ) বাংলা কাব্যজগতে 'ভোরের পাখী' কাকে বলা হয়? তাঁর কাব্যগুলিতে গীতিকবিতার কী কী বৈশিষ্ট্য প্রকাশিত হয়েছে তা আলোচনা করো। ১+৪=৫

(ঘ) উনিশ শতকের চারজন মহিলা গীতিকবির নাম উল্লেখ করো। এঁদের মধ্যে যে-কোনো একজন কবির কাব্যকৃতি সংক্ষেপে আলোচনা করো। ২+৩=৫

(ঙ) বাংলা প্রবন্ধসাহিত্যে অক্ষয়কুমার দত্তের অবদান সংক্ষেপে লেখো।

(চ) প্রাবন্ধিক বিদ্যাসাগর সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

৩। (ক) অথবা (খ)-এর মধ্যে একটি এবং (গ) অথবা (ঘ)-এর মধ্যে একটি প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

(ক) উনিশ শতকের বাংলা কাব্যসাহিত্যের প্রথম সার্থক আখ্যানকাব্য কোনটি? উক্ত কাব্যের আখ্যান অনুসারে কবির কৃতিত্ব আলোচনা করো। ১+৯=১০

অথবা

(খ) উনিশ শতকের বাংলা কাব্যসাহিত্যে আখ্যান কাব্যধারার বিলুপ্তির কারণগুলি আলোচনা করো।

(গ) বিহারীলালের ভাবশিষ্য কাকে বলা হয়? বাংলা গীতিকাব্যের ধারায় তাঁর অভিনবত্বের পরিচয় দাও। ১+৯=১০

অথবা

(ঘ) 'প্রবন্ধ রচনা বন্ধিমের কাছে শুধু বিদ্যা প্রদর্শন বা জ্ঞানভাণ্ডার সঞ্চয়ের জন্য ব্যবহৃত হয়নি। প্রবন্ধ ছিল তাঁর মন ও চিন্তার বাহন'—উক্তিটির যথার্থতা বিচার করো।